

## শ্রীশ্রীহরি সঙ্গীত

৭৩

- ২। যাহার জন্যেতে, ক্ষুধা তৃষ্ণা শীতে,  
অর্থ সঞ্চয় করি সে দুঃখ নাশিতে।  
সেও হ'য়ে বৈমুখ, দিল অশেষ দুঃখ, এখন মরি ভেবে।।
- ৩। সাধু সঙ্গে নাহি হল সৎ অন্তর, অসৎ সঙ্গে হ'ল সদয় বিহার।  
যে আনিল মোরে, এ ভব সংসারে, তারে গণিলা গৌরবে।।
- ৪। দীনবন্ধু হরি সৰ্বরূপ স্বরে, সুধা করে ল'য়ে ডাকিল আমারে।  
নাহি চাহিলাম ফিরে কন্মেরই ফেরে, অকূলে মরিলাম ডুবে।।
- ৫। দয়াল মহানন্দ, প্রেমসুধা ল'য়ে, এঁ যে চলে গেল যাচিয়ে  
যাচিয়ে।

তাহে না ভজিলাম, গরলে মজিলাম, অশ্বিনী মরিল লোভে।।

### ১০১ নং তাল-চুংরী

দেহ পবিত্রময় হ'লে হৃদয়, সেই দেহে হয় ভাবের উদয়।

অপবিত্র দেহ হলে, তারে দেখলে মহাভাব লুকায়।।

- ১। ভাবগ্রাহি জনার্দন, ভাবুক জনে কয়।  
ভাবের ভাবুক যারা জানে তারা, ভাব ছাড়া হরি নাহি রয়,  
ইহা শাস্ত্রে কয়।।
- ২। সদানন্দ হরি আমার ভাবুকের হৃদয়।  
যোগী হৃদয় নচ নচ বৈকুণ্ঠ আলায়, হরি ভক্তের কাছে রয়।।
- ৩। ভাবিলে ভাবুকের দেহে কত ভাব উদয়।  
ভাব যোগ্য দেহ হলে শেষে হরিচাঁদকে পাওয়া যায়,  
ইহা কভু মিথ্যা নয়।।
- ৪। ভাবের পাগল প্রেমে বিভোল, আনন্দ হৃদয়ে।  
ও সে প্রেমানন্দে সাঁতার খেলে, ধূলায় গড়াগড়ি যায়,  
কত কেঁদে বুক ভাসায়।।
- ৫। প্রেমের পাগল মহানন্দ প্রেমধন বিলায়  
জগৎ ভরি পেল সে প্রেম, একবিন্দু অশ্বিনী না পায়,  
ও তার কঠিন হৃদয়।।